# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

৩০. গাযওয়া দূমাতুল জান্দাল (غزوة دومة الجندل)

৫ম হিজরীর ২৫শে রবীউল আউয়াল। খবর এলো যে, সিরিয়ার নিকটবর্তী দূমাতুল জান্দাল শহরের একদল লোক সিরিয়া যাতায়াতকারী ব্যবসায়ী কাফেলা সমূহের উপরে ডাকাতি ও লুটপাট করে। তারা মদীনায় হামলার জন্য বিরাট এক বাহিনী প্রস্ত্তত করছে। রাসূল (ছাঃ) কালবিলম্ব না করে ১০০০ ফৌজ নিয়ে মদীনা হ’তে ১৫ রাত্রির পথ অতিক্রম করার উদ্দেশ্যে রওয়ানা হন। কিন্তু সেখানে পৌঁছে কাউকে পেলেন না। শত্রুপক্ষ টের পেয়ে আগেই পালিয়ে গিয়েছিল। রাসূলুল্লাহ (ছাঃ) সেখানে কয়েকদিন অবস্থান করেন ও চারদিকে ছোট ছোট সেনাদল প্রেরণ করেন। কিন্তু শত্রুদের কারু নাগাল পাওয়া যায়নি। অবশেষে কিছু গবাদিপশু নিয়ে তিনি ফিরে আসেন। এতে লাভ হয় এই যে, শত্রুরা আর মাথা চাড়া দেয়নি। তাতে ইসলাম প্রচারের শান্ত পরিবেশ তৈরী হয়। পথিমধ্যে রাসূলুল্লাহ (ছাঃ) বনু ফাযারাহ গোত্রের নেতা ওয়ায়না বিন হিছন-এর সাথে সন্ধিচুক্তি করেন। এ যুদ্ধের সময় মদীনার আমীর ছিলেন সিবা‘ বিন ‘উরফুত্বাহ আল-গিফারী।[1]

## ফুটনোট

[1]. ইবনু হিশাম ২/২১৩; যাদুল মা‘আদ ৩/২২৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5498

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন